

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইকামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ইকামত ও নামায শুরু করার মাঝে ব্যবধান

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "নামাযের ইকামত হয়ে গেলে তোমরা আমাকে না দেখা পর্যন্ত (নামাযের জন্য) দাঁড়াও না।" (বুখারী ৬৩৭নং)

যেমন ইকামত হয়ে গেলে তাড়াহুড়ো করে দাঁড়ানোও উচিৎ নয়। কারণ উক্তহাদীসের এক বর্ণনায় তিনি বলেন, "তোমাদের মাঝে যেন ধীরতা ও শান্তভাব থাকে।" (ঐ ৬৩৮নং) যেহেতু রাজাধিরাজের দরবারে কোন প্রকারের হৈ-হুল্লোড় ও তাড়াহুড়ো চলে না। বলা বাহুল্য এই দরবারে থাকবে শত আদব, শত বিনয়, ধীরতা ও স্থিরতা। হুমাইদ বলেন, আমি সাবেত আল-বুনানীকে ইকামতের পর কথাবার্তা বলার বৈধতার ব্যাপারে প্রশ্ন করলে তিনি আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস শুনালেন; 'একদা নামাযের ইকামত হয়ে গেলে এক ব্যক্তি নবী (ﷺ) কে নামাযে প্রবেশ করতে আটকে রেখেছিল।' (বুখারী ৬৪৩নং) 'মসজিদের এক প্রান্তে গোপনে কথা বলতে লাগলে উপস্থিত মুসল্পীগণ ঘুমে ঢলে পড়েছিল।' (ঐ ৬৪২নং)

একদা নামাযের ইকামত হয়ে গেলে মুসল্লীগণ কাতার সোজা করে দাঁড়িয়ে গিয়েছিল। আল্লাহর রসূল (ﷺ) হজরা হতে বের হয়ে যখন ইমামতির জায়গায় এলেন, তখন তাঁর মনে পড়ল যে, তিনি নাপাকীর গোসল করেননি। তিনি সকলের উদ্দেশ্যে বললেন, "তোমরা স্বস্থানে দন্ডায়মান থাক।" অতঃপর তিনি হুজরায় ফিরে গিয়ে গোসল করলেন। তিনি যখন বের হয়ে এলেন, তখন তাঁর মাথা হতে পানি টপকাচ্ছিল। এরপর তিনি ইমামতি করে নামায পড়লেন। (ঐ ৬৪০নং)

উক্ত হাদীস থেকে এ কথা বুঝা যায় যে, প্রয়োজনে ইকামত ও নামাযের মাঝে বেশ কিছু সময় বিরতি হলে কোন ক্ষতি হয় না। পরন্তু ইকামত ফিরিয়ে বলতে হয় না।

ইকামত হওয়ার পর কোন জরুরী কথা, নামায ও কাতার বিষয়ক কথা বলা বৈধ। তবে নামাযের প্রস্তুতি নেওয়ার পর কোন পার্থিব কথা বলা উচিৎ নয়। ফোতাওয়া ইসলামিয়্যাহ্, সউদী উলামা-কমিটি ১/২৫১)

ইকামত শুরু হলে এবং ইমাম উপস্থিত থাকলে প্রত্যেকে নিজের সুবিধামত উঠে নামাযের জন্য দন্তায়মান হবে। ইকামতের শুরুতে, মাঝে বা শেষে, যে কোন সময়ে দাঁড়ালেই চলবে। তবে এ কথার খেয়াল অবশ্যই রাখা উচিৎ, যাতে ইমামের সাথে তকবীরে তাহ্রীমা ছুটে না যায়। (আলমুমতে', শারহে ফিক্হ, ইবনে উষাইমীন ৩/১০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2822

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন